



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৫ এপ্রিল ২০১৭ খ্রি.

ফতেয়াবাদ বহুমুখি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর নবীণ বরন, বার্ষিক পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, অবাধ তথ্য প্রযুক্তির সুফল গ্রহণ এবং কুফল বর্জন করতে হবে। শিক্ষার্থীদের সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষে বিশ্বমানের নাগরিক হিসেবে গড়ে উঠতে হবে। মেয়র প্রত্যেকের সুস্থ প্রতিভা বিকশিত করে নিজেদেরকে সৎ, যোগ্য ও সুনাগরিক হিসেবে গড়ে উঠার আহবান জানান। ৫ এপ্রিল ২০১৭ খ্রি. বুধবার, দুপুরে ফতেয়াবাদ বহুমুখি সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর নবীণ বরন, বার্ষিক পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে মেয়র এ আহবান জানান। অত্র কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর তৌফিক আহমদ চৌধুরী। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন মাধ্যমিক উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম এর কলেজ পরিদর্শক সুমন বড়ুয়া, শিক্ষা ও স্বাস্থ্য বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর নাজমুল হক ডিউক। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, স্বাগত বক্তব্য রাখেন অত্র স্কুল ও কলেজের অধ্যক্ষ এস এম বখতেয়ার। অনুষ্ঠানের শুরুতে ধর্মগ্রন্থ থেকে পাঠ, জাতীয় সংগিত পরিবেশন, অতিথিদের ক্রেস্ট ও ফুল দিয়ে বরণ করা হয়। অনুষ্ঠানের প্রধান অতিথি চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, শিক্ষা ক্ষেত্রে নারী পুরুষের মধ্যে কোন পার্থক্য নেই। সকল মানুষ এক আল্লাহর সৃষ্টি। নারীর ক্ষমতায়নে বর্তমান সরকার সর্বক্ষেত্রে সুযোগ সৃষ্টি করে দিয়েছে। নারীরা স্বমহিমায় নিজেদের দক্ষতা কাজে লাগানোর সুযোগ পাচ্ছে। মেয়েদের শিক্ষা অর্জনের স্বার্থে সরকার উপবৃত্তি সহ বহু ধরনের সুযোগ সুবিধা দিয়ে যাচ্ছে। তিনি আশা করেন সৎ ও যোগ্য নাগরিক দ্বারা দেশের কল্যান হবে। বর্তমান ও আগামী প্রজন্মের উপর নির্ভর করে ২০৪১ সালে বাংলাদেশ উন্নত ও সমৃদ্ধ দেশে উন্নিত হবে। তিনি সিটি কর্পোরেশনের শিক্ষা বিস্তার, স্বাস্থ্য সেবা সহ ক্লিন ও গ্রিন সিটি গড়ার ক্ষেত্রে সর্ব মহলের সহযোগিতা কামনা করেন। অনুষ্ঠান শেষে প্রধান অতিথি বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন।

চট্টগ্রাম- ৫ এপ্রিল ২০১৭ খ্রি.

সিটি মেয়রের সাথে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট চট্টগ্রাম চ্যাপ্টারের নব নির্বাচিত কমিটির মতবিনিময়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে ৫ এপ্রিল ২০১৭ খ্রি. বুধবার, বিকেলে চসিক সম্মেলন কক্ষে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট চট্টগ্রাম চ্যাপ্টারের নব নির্বাচিত কমিটি মতবিনিময় করেন। এসময় তারা ইপিজেড এলাকা, খাতুনগঞ্জ, আসাদগঞ্জ ও টেরী বাজার সহ নগরীর জনগুরুত্বপূর্ণ এলাকা সমূহের যানজট নিরসনে সরেজমিনে পরিদর্শন করে প্রস্তাবনা উপস্থাপন, গণপরিবহনে শৃংখলা ফিরিয়ে আনা এবং যাত্রীদের নিরাপদ অবস্থানের জন্য আধুনিক দৃষ্টিনন্দন যাত্রী ছাউনি গড়ে তোলা, হকারদের শৃংখলার মধ্যে নিয়ে আসা এবং নগরীর সৌন্দর্য বৃদ্ধিতে স্থপতি ইনস্টিটিউট সহযোগিতার আগ্রহ ব্যক্ত করেন। মতবিনিময় সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন পরিকল্পিত নগরায়ন, দৃষ্টি নন্দন নগরী এবং বিশ্বমানের বাসোপযোগি চট্টগ্রাম গড়ে তোলার বিষয়ে তাঁর গৃহিত পরিকল্পনা সমূহ স্থপতি ইনস্টিটিউট চট্টগ্রাম চ্যাপ্টারের নেতৃবৃন্দকে অবহিত করেন। বৈঠকে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউট চট্টগ্রাম চ্যাপ্টারের চেয়ারম্যান স্থপতি নাজমুল লতিফ, সাধারণ সম্পাদক

ফারুক আহমেদ, সদস্য আশিক ইমরান, গোলাম রব্বানী চৌধুরী,বিজয় তালুকদার, হোসেন মুরাদ সহ সংশ্লিষ্ট নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা